



রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন
১,কাওরান বাজার, ঢাকা।



নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৭৬৪.২৩/১৪৫২

তারিখঃ ১৩ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: আগামী ১৬-১৯ জুলাই, ২০২৪ সময়ে Guadalajara, Mexico-তে “81st IM Intermoda-2024” শীর্ষক মেলায় অংশগ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১৬-১৯ জুলাই, ২০২৪ সময়ে Guadalajara, Mexico-তে “81st IM Intermoda-2024” শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, “81st IM Intermoda-2024” শীর্ষক মেলাটি রপ্তানির সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য একটি আদর্শ প্ল্যাটফরম এবং ল্যাটিন আমেরিকার অন্যতম বৃহৎ সোর্সিং প্রদর্শনী। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো সিদ্ধান্ত গ্রহণ করেছে। মেলার তথ্যাদি নিম্নরূপঃ

মেলার নাম	:	“81 st IM Intermoda-2024”
মেলার সময়কাল	:	July 16-19,2024
মেলার ভেন্যু	:	Expo Guadalajara Exhibition Center, Gualadajara, Mexico
আয়োজক	:	Internacionales de la Moda SA de CV
বুথের সাইজ	:	(3.60mx3.60m) 12.96 sqm
বুথ টাইপ	:	Shell Scheme
বুথ ভাড়া	:	US\$ 3,250.00 (তিন হাজার দুইশত পঞ্চাশ) মাত্র। ট: ৩,৫৮,০০০.০০/- (তিন লক্ষ আটান্ন হাজার টাকা) মাত্র।
প্রদর্শনী পণ্যঃ	:	Apparel, Textiles and Fashion Accessories.

০২। উল্লেখ্য, মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বুথ মূল্যের উপর নিম্নরূপ হারে ভর্তুকী প্রদান করা হবে:

(i) তৈরি পোশাক এর প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি'র প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	“ক”	৩০%
০২	০৫-১০	“খ”	৪০%
০৩	০৫-নতুন রপ্তানিকারক	“গ”	৫০%

(ii) বিশেষ খাত:

ক্রঃ নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি'র প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	নারী উদ্যোক্তা	-	৬০%

(iii) অন্যান্য খাত:

রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি'র প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	“ক”	৪০%
প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	“খ”	৫০%

স্মার্তব্য, সাবসিডি শুধুমাত্র একটি বুথের জন্য প্রযোজ্য। কোন প্রতিষ্ঠান বা কোন গ্রুপের Strategic Business Unit একের অধিক বুথ নিলে অতিরিক্ত বুথের জন্য ১০০% অর্থ প্রদান করতে হবে।

৩। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদন পত্রের সাথে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি ইপিবি-এর অনুকূলে পে-অর্ডার আগামী ০৮-০৪-২০২৪ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেডলাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী সর্বোচ্চ ০২ জন (দুই জন) প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে।

০৪। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি দায়-দায়িত্ব বহন করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।

(মাহমুদা খাতুন)
উপ-পরিচালক (মেলা)

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

1. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ নং-৭/৭এ, সেক্টর নং-১৭, ব্লক নং-এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০, ই-মেইল: info@bgmea.com, fair@bgmea.com.bd
2. সভাপতি, বাংলাদেশ নীটওয়ার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: bkfair@bkmea.com
3. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পাশ্চাত্য, কাওরান বাজার, ঢাকা। ই-মেইল: btma2@yahoo.com
4. সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়েল লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, পল্টন টাওয়ার, ৮৭ পুরানা পল্টন লেন (সাঁউথষ্ট কর্নার), ঢাকা-১০০০। E-mail: btla@aitlbd.net, E-mail: info@btllmea.com
5. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস ওনার্স এসোসিয়েশন, Fortune Villa(2nd floor), 16/10, Rankin Street, Dhaka- 1203, Bangladesh. +88-02-7115478, 9532021. E-mail: info@bdtradeinfo.com, bdtradeinfo@gmail.com
6. সভাপতি, লেদার গুডস এন্ড ফুটওয়ার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ১৮, কামাল আর্ভাতুক এডিনিউ, ইরেস্টরস হাউজ (১০ম তলা) বনানী বা/এ, ঢাকা। E-mail: blmea@banglamall.net, info@lfmeab.org
7. সভাপতি, বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুডস এন্ড ফুটওয়ার এক্সপোর্টার্স এসোসিয়েশন, হাউজ নং- ৩২/এ, রোড নং ২, ফ্লাট বি-২, ধানমন্ডি আ/এ, ঢাকা। ই-মেইল: bflfea58@yahoo.com
8. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস এক্সোসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা।
9. প্রেসিডেন্ট, বাংলাদেশ বায়িং হাউজ এসোসিয়েশন, ঢাকা।
10. প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ০১। পি এ টু, ভাইস-চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। পি এ টু, অতিরিক্ত সচিব (রপ্তানী), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। পি এ টু, মহাপরিচালক-১, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।